

(2)

Ex./BANGLA/PG/2.3/2018

৫. বঙ্কিমচন্দ্র ‘বিবিধ প্রবন্ধে’ এবং রবীন্দ্রনাথ ‘প্রাচীন সাহিত্যে’ তুলনামূলক চর্চায় শকুন্তলার কোন্ কোন্ বিশেষত্বকে অনুসন্ধান করতে চেয়েছিলেন সংক্ষেপে লেখো। ১০

অথবা

৬. তুলনার আলোয় প্রাচ্য ও পাশ্চাত্য সংস্কৃতি রীতিনীতিকে দেখে যে সামগ্রিক সমন্বয়ী ভাবনা বিবেকানন্দ রেখে গেছেন অসাধারণ গদ্যশৈলীর ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ প্রবন্ধে, তা আলোচনা করো। ১০

৭. সুনীতিকুমার ‘ভারতীয় সংস্কৃতি’ ও ‘বৃহত্তর ভারত’ বলতে কী বুঝিয়েছেন? ভারত কীভাবে ‘বিশ্ব-মানবের কল্যাণ মিত্র’ রূপে তার হৃতগৌরব লাভ করতে পারে বলে তিনি অভিমত দিয়েছেন তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

অথবা

৮. ‘বাংলার কালচার’ বলতে গোপাল হালদার ঠিক কী বুঝিয়েছেন পঠিত প্রবন্ধটি অবলম্বন করে আলোচনা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা আত্মকথা ও প্রবন্ধ

কোর্স পি.জি - ২.৩

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. রাসসুন্দরীর ‘আমার জীবন’ অনেক দিক থেকেই সে সময়ের সাহিত্যে একটি ব্যতিক্রমী ঘটনা – মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০

অথবা

২. ‘আমার জীবন’ আর ‘জীবনস্মৃতি’ – নিজের নিজের জীবন নিয়ে লেখা এই দুই রচনারই আশ্রয় লেখকদের স্মৃতি। কিন্তু এই দুই রচনায় স্মৃতির ভূমিকা ঠিক এক নয়। – মন্তব্যটি বিচার করো। ১০

৩. প্রকৃতি ‘জীবনস্মৃতি’-তে ক্রমে বাহির থেকে অন্তরের অন্তঃস্থলে এসে পৌঁছেছে। এমনটা কি এই বই পড়ে তোমার মনে হয়? ১০

অথবা

৪. ‘জীবনস্মৃতি’ কবির জীবনী নয়, ‘কবি হয়ে ওঠবার’ ইতিবৃত্ত। – কথাটি কি ঠিক? আলোচনা করো। ১০

(Turn Over)